

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৮৯৯.১৫. ৬৭৭


তারিখ: ১৪ ফেব্রুয়ারি ২০২৪

বিষয় : পুনঃব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো) ও ২য় পর্যায় প্রকল্পভুক্ত পটুয়াখালী জেলাধীন কলাপাড়া উপজেলায় প্রকল্পের নির্দেশনা অমান্য করে সদস্যদের ঋণের অর্থ কিস্তিতে পরিশোধ না করা সত্ত্বেও পুনঃ পুনঃ ঋণের সিলিং বৃদ্ধি করা এবং দৈনিক জমা রেজিস্টার, ক্যাশ বহি, সাধারণ খতিয়ান হালনাগাদ করার অভিযোগে স্মারক নং ৫৩৮ তারিখঃ ১১/১২/২২ মূলে ব্যাখ্যা তলব করা হয়। ব্যাখ্যা তলবের জবাবে আপনি নিয়মিত কিস্তিতে ঋণ আদায় এবং দৈনিক জমা রেজিস্টার, ক্যাশ বহি, সাধারণ খতিয়ান হালনাগাদ করার অঙ্গীকার করেন। তদপ্রেক্ষিতে কর্মসূচির নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে ঋণ কার্যক্রম পরিচালনা করলে আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে স্মারক নং ০১৭ তারিখঃ ২৪/০১/২৩ মূলে কঠোরভাবে সতর্ক করা হয়। কিন্তু নিয়মিত কিস্তি আদায়ের জন্য আপনি তদারকি কার্যক্রম জোরদার ও বাস্তব সম্মত কোন উদ্যোগ গ্রহণ করেননি। অন্য ১৪/০২/২৪ তারিখে সফটওয়্যার পর্যালোচনায় দেখা যায় যে, ৩০/০৬/২০২৩ তারিখে আপনার উপজেলায় কিস্তি খেলাপী ঋণের পরিমাণ ছিল ৫৪.৯১ লক্ষ টাকা বর্তমানে কিস্তি খেলাপী ঋণের পরিমাণ ৭০.৭৬ লক্ষ টাকা অর্থাৎ গত ৮ মাসে আপনার উপজেলায় কিস্তি খেলাপী ঋণ বৃদ্ধি পেয়েছে ১৫.৮৫ লক্ষ টাকা যা আদায়যোগ্য ঋণের বিপরীতে কিস্তি খেলাপীর হার ৮৪%। এছাড়া আপনার উপজেলায় জানুয়ারি, ২৪ মাসে কিস্তি আদায়ের হার মাত্র ২.০৮% এবং বছরে কিস্তি আদায়ের হার (ওটিআর) ৩১.৫৪%। অপরদিকে ৩০/০৬/২০২৩ তারিখে আপনার উপজেলায় মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ ছিল ২২.৭৪ লক্ষ টাকা বর্তমানে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ ২২.১০ লক্ষ টাকা অর্থাৎ গত ৮ মাসে আপনার উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ হ্রাস পেয়েছে ০.৬৪ লক্ষ টাকা, যা অত্যন্ত হতাশাজনক।

২। এছাড়া সফটওয়্যার পর্যালোচনায় দেখা যায় উক্ত উপজেলায় সুফলভোগী সদস্যদের মধ্যে বিতরণকৃত ঋণের সিংহভাগ এককালীন পরিশোধ করা সত্ত্বেও ঋণ নীতিমালা এবং এ সংক্রান্ত নির্দেশনা বহির্ভূতভাবে অনিয়মতান্ত্রিকভাবে পুনঃ পুনঃ ঋণ বিতরণ করেছেন। আপনি নতুন সদস্য অন্তর্ভুক্তি/দল গঠন, নিয়মিত কিস্তি আদায়ের বিষয়ে গুরুত্ব আরোপ না করে ঋণ বিতরণ কার্যক্রম গতিশীল রাখার জন্য এককালীন ঋণ পরিশোধকারী সদস্যদের মধ্যে অনিয়মতান্ত্রিকভাবে পুনঃ পুনঃ ঋণ বিতরণ করেন। ফলশ্রুতিতে উক্ত উপজেলায় কিস্তি খেলাপী ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। কিস্তি ও মেয়াদোত্তীর্ণ খেলাপী আদায়সহ এককালীন পরিশোধকারী সদস্যদের বাদ দিয়ে ঋণ বিতরণ কার্যক্রম গতিশীল করার জন্য কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক তদারকি কার্যক্রম জোরদার না করায় প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি ব্যাহত হওয়াসহ নীতিমালা বহির্ভূত কার্যকলাপের বিষয়টি আপনার দায়িত্ব পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্যসহ সরকারি দায়িত্ব পালনে অনীহার শামিল হিসেবে বিবেচিত হয়েছে। অন্যদিকে কিস্তিতে ঋণ আদায় জোরদারকরণসহ নতুন সদস্য অন্তর্ভুক্তি/দল গঠনপূর্বক ঋণ বিতরণ বৃদ্ধির উদ্যোগ নিতে হবে যেন কোন ঋণ তহবিল অলস অবস্থায় ব্যাংকে গচ্ছিত না থাকে।

৩। এমতাবস্থায়, ঋণ নীতিমালা অনুসরণ না করা, দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করা এবং অদক্ষতার অভিযোগে অভিযুক্ত করে কেন আপনাকে ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা, ২০২২ এর ২৫ অনুযায়ী কর্মসূচির চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ বা বরখাস্ত করা হবে না তার জবাব আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কর্মসূচি পরিচালক বরাবর প্রেরণ করার জন্য বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

জনাব মো: নেছার উদ্দিন
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)
বিআরডিবি, কলাপাড়া, পটুয়াখালী।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: পটুয়াখালী।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, কলাপাড়া, পটুয়াখালী।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. অফিস নথি।